ঠাকুরগাঁওয়ের উপনির্বাচনে সুষ্ঠু ভোটের প্রত্যাশা জামায়াত প্রার্থীর



ছবি: সংগৃহীত

ঠাকুরগাঁও-১ আসনের উপনির্বাচনে ভোটের পরিবেশ সুষ্ঠু থাকলে ফলাফল মেনে নেওয়ার কথা জানিয়েছেন জামায়াতের প্রার্থী দেলোয়ার হোসেন। তবে 'মাগুরা মার্কা' নির্বাচন হলে জনগণ ফল মেনে নেবে না বলে মন্তব্য করেছেন তিনি।

বৃহস্পতিবার (২৯ অক্টোবর) ভোটকেন্দ্রে নিজের ভোট দেওয়ার পর সাংবাদিকদের এসব কথা বলেন দেলোয়ার হোসেন।

তিনি বলেন, এখন পর্যন্ত ভোটের পরিবেশ ভালো রয়েছে। শেষ পর্যন্ত পরিস্থিতি সুষ্ঠু থাকবে বলে আশা করছেন তিনি। একই সঙ্গে নির্বাচন অবাধ ও সুষ্ঠু হলে জয়ের ব্যাপারে শতভাগ আশাবাদী বলেও জানান এই প্রার্থী।

এ আসনে সকাল ৮টা থেকে ভোটগ্রহণ শুরু হয়েছে, যা চলবে বিকেল ৪টা পর্যন্ত। বিএনপি ও জামায়াতসহ মোট পাঁচজন প্রার্থী নির্বাচনে প্রতিদ্বন্দ্বিতা করছেন।

নির্বাচন উপলক্ষে প্রয়োজনীয় প্রস্তুতি সম্পন্ন করেছে স্থানীয় প্রশাসন। এর আগে মঙ্গলবার (২৭ অক্টোবর) সকালে শেষ হয় প্রার্থীদের প্রচার-প্রচারণা।

ভোটের পরিবেশ স্বাভাবিক রাখতে কেন্দ্রগুলোতে নিরাপত্তা জোরদার করা হয়েছে। পুলিশের পাশাপাশি স্পেশাল রেসপন্স ব্যাটালিয়ন (এসআরবি), বর্ডার গার্ড বাংলাদেশ (বিজিবি) এবং আনসার ও গ্রাম প্রতিরক্ষা বাহিনীর সদস্যরা দায়িত্ব পালন করছেন।